

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫৬

১/ বিবিধ

আরবী

معاذ بن جبل أعلم الأولين والآخرين بعد النبيين والمرسلين، إن الله يباهي به الملائكة
موضوع

رواه الحاكم في "المستدرک" (3 / 271) من طريق عبيد بن تميم: حدثنا الأوزاعي عن عبادة بن نسي عن ابن غنم سمعت أبا عبيدة وعبادة بن الصامت، ونحن عند أبي عبيدة يقولان: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. وسكت عليه، وتعقبه الذهبي بقوله في "تلخيصه": "قلت: أحسبه موضوعا، ولا أعرف عبيدا هذا". وقال الذهبي في "موضوعات المستدرک": "قلت: كأنه من وضع عبيد هذا. فالله أعلم". وذكر نحو ذلك في ترجمة عبيد من "الميزان"، وأقره الحافظ في "اللسان"

বাংলা

১৮৫৬। নবী এবং রসূলগণের পরে মুয়ায ইবনু জাবাল প্রথম যমানা এবং শেষ যামানার সবার চেয়ে বেশী জ্ঞানী। আল্লাহ্ তা'আলা তাকে নিয়ে ফেরেশতাদের সামনে অহংকার করেন।

হাদীসটি বানোয়াট।

এটিকে হাকিম “আলমুসতাদরাক” গ্রন্থে (৩/২৭১) ওবায়দ ইবনু তামীম সূত্রে আওয়াঈ হতে, তিনি উবাদাহ ইবনু নুসাই হতে, তিনি ইবনু গানাম হতে, তিনি আবু ওবাইদাহ ও উবাদাহ ইবনুস সামেত হতে বর্ণনা করেছেন এমতাবস্থায় যে, আমরা আবু ওবাইদার নিকট ছিলাম। তারা দু'জনে বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

হাকিম কোন হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন। এ কারণে হাফিয় যাহাবী তার সমালোচনা করে “তালখীস” গ্রন্থে বলেছেনঃ আমি ধারণা করছি যে, এটি বানোয়াট। আমি এ ওবাইদকে চিনি না। হাফিয় যাহাবী “আলমওয়ুয়াতুল মুসতাদরাক” গ্রন্থে বলেনঃ সম্ভবত এটিকে এ ওবাইদাই বানিয়েছে। তিনি “আলমীযান” গ্রন্থেও অনুরূপ কথা উল্লেখ করেছেন। আর হাফিয় ইবনু হাজার "আললিসান" গ্রন্থে তাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72739>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন